বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

ডায়েরী নং ৪৪০২ তারিখ ১৪|৫|১৮
আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

ISO 9001, ISO 14001&

OHSAS 18001 Certified

# সভাপতি, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি

এবং

সচিব

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮-৩০ জুন, ২০১৯

# সূচিপত্র

উপক্রমণিকা

রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন-১ : রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি এর রুপকল্প (Vision) অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলী।

সেকশন-২ : কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ।

সংযোজনী-১ : শব্দ সংক্ষেপ।

সংযোজনী-২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি।

সংযোজনী-৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যলয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা।

## উপক্রমণিকা ( Preamble)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিসসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি-কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে:-

সভাপতি, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি

এবং

সচিব

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০১৮ সালের ...........জুন..................... মাসের ......১৪...................... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

রাজশাহী পবিস এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Rajshahi PBS)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

সাম্প্রতিক বছর সমুহের (৩ বছর) প্রধান অর্জন সমুহঃ (২০১৫-২০১৬, ২০১৬-২০১৭,২০১৭-২০১৮):

রাজশাহী জেলার দূর্গাপুর, পবা, মোহনপুর, তানোর ও গোদাগাড়ী উপজেলার সমন্বয়ে ১,৩৮৬ বর্গকিলোমিটার এলাকা নিয়ে রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি গঠিত। আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে গ্রামীন জন গোষ্ঠীর জন্য রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক এপ্রিল/১৮ইং পর্যন্ত ৪৫৮১.৫৭৮ কিঃ মিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ করে ২১৬০৩৭ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। সম্প্রতি তানোর-৩ (মুন্ডুমালা)-১০ এমভিএ, গোদাগাড়ী-২ (গুলাই)-১০ এমভিএ ও পবা-২ (খড়খড়ি) ১০ এমভিএ অর্থাৎ ৩ টি নতুন উপকেন্দ্র নির্মাণ স্বাপেক্ষে বিদ্যুতায়িত করা হয়েছে। তাছাড়া কালিগঞ্জ ৫ এমভিএ উপকেন্দ্রটি ১০ এমভিএতে এবং মোহনপুর ১০ এমভিএ উপকেন্দ্রটি ২০ এমভিএতে উন্নীত করা হয়েছে। ফলে ১১ কেভি ফিডারের সংখ্যা বৃদ্ধি পেয়েছে এবং বিগত অর্থ বছরের তুলনায় সিস্টেম লস অনেকাংশে হ্রাস পেয়েছে। বর্তমানে এপ্রিল/১৮ইং পর্যন্ত সিষ্টেম লস ৯.২২%। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেয়ার লক্ষ্যে রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় পর্যায়ক্রমে এপ্রিল/১৮ খ্রিঃ পর্যন্ত রাজশাহী পবিসের ০৫ টি উপজেলা (পবা,দূর্গাপুর,মোহনপুর, তানোর ও গোদাগাড়ী) শতভাগ বিদ্যুতায়ন কাজ সম্পন্ন হয়েছে।

রাজশাহী পবিস এর সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ (২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮) নিম্নরূপঃ

| অর্থবছর | গ্রাহক | নির্মিত লাইন | বকেয়া মাস | সিষ্টেম লস |
|---|---|---|---|---|
| ২০১৫-২০১৬ | ৩১১৭৩ | ১৯০ | ১.২৩ | ১১.৫৮% |
| ২০১৬-২০১৭ | ২৫৩৬৬ | ২৩০ | ১.০০ | ১০.২৩% |
| ২০১৭-২০১৮(এপ্রিল-১৮পর্যন্ত) | ১২১০৮ | ২৭৫ | ১.২১ | ৯.২২% |

## সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

রাজশাহী পবিস সিটি কর্পোরেশন সংলগ্ন হওয়ায় বিশেষ করে শিল্প সংযোগ বৃদ্ধি পাচ্ছে এবং আরও বৃদ্ধি পাবে। ফলে গ্রাহকের বিদ্যুৎ ব্যবহারের চাহিদাও বৃদ্ধি পাবে। রাজশাহী পবিসের পিক ডিমান্ড ৬৮ মেঃ ওঃ এবং চাহিদা অনুযায়ী লোড জাতীয় গ্রীড থেকে সরবরাহ পাওয়া যাচ্ছে। তবে যে হারে পবিসের লোড বৃদ্ধি পাচ্ছে, সেই অনুযায়ী জাতীয় গ্রীড হতে বিদ্যুৎ সরবরাহ পাওয়া না গেলে গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা একটি বড় চ্যালেঞ্জ। তাছাড়া সিষ্টেম লস হ্রাস করনের জন্য ২০১৮-১৯ অর্থ বছরের আমনুরা-মুন্ডুমালা ৩৩ কেভি ডাবল সার্কিট নির্মাণসহ আমনুরা ১৩২/৩৩ কেভি গ্রীডে ২ টি ব্রেকার স্থাপন করে পাওয়ার গ্রহণ করা একটি বড় চ্যালেঞ্জ ।

রাজশাহী পবিসের আবাসিক গ্রাহক প্রায় ৯২% এবং তার মধ্যে লাইফ লাইন গ্রাহক ৫৮.৩৮%। এছাড়াও গভীর নলকুপ ২০১০ টি, অগভীর নলকুপ ৭৪১ টি এবং এলএলপি ৩২ টি রয়েছে। বিধায় রাজশাহী পবিস আর্থিকভাবে অসচ্ছল। ফলে অত্র পবিসের পক্ষে পিডিবি/পিজিসিবি এর বিল এবং কর্মকর্তা ও কর্মচারী গণের বেতনভাতা সহ দৈনন্দিন অন্যান্য ব্যয় নির্বাহ করা সমিতির জন্য অত্যন্ত সমস্যা।

## ভবিষ্যৎ পরিকল্পনাঃ

সরকারের রূপকল্প ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে রাজশাহী পবিসের আওতাধীন ০৫ টি উপজেলা (পবা,দূর্গাপুর,মোহনপুর, তানোর ও গোদাগাড়ী) ইতোপূর্বে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে। গ্রাহক প্রান্তে মান সম্মত ভোল্টেজ এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে ১.৫ এমসিসি প্রকল্পের আওতায় গোদাগাড়ী-৪ (কাকনহাট) ১০ এমভিএ এবং আরআরডিপি-ওও প্রকল্পের আওতায় গোদাগাড়ী-৩ (বসন্তপুর) ১০ এমভিএ উপকেন্দ্র নির্মান কাজ চলমান রয়েছে। এছাড়াও মোহনপুর-২, তানোর-৪, দূর্গাপুর-৩ এবং গোদাগাড়ী-৫ আরো ০৪ টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র প্রকল্প ভুক্ত করার জন্য কার্যক্রম পরিকল্পনা পরিদপ্তরে তথ্য প্রেরণ করা হয়েছে।

ক্রমবর্ধমান গ্রাহকের চাহিদা ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার লক্ষ্যে পিজিসিবি কর্তৃক রাজশাহী (নর্থ) নামে ১টি ১৩২/৩৩ কেভি,১০০/১৫০ এমভিএ গ্রীড উপকেন্দ্রের নির্মাণ চলমান রয়েছে। উক্ত গ্রীড উপকেন্দ্র নির্মাণ/ কমিশনিং এর পর অত্র পবিসের ৪ টি উপকেন্দ্রে বর্ণিত গ্রীড হতে বিদ্যুৎ গ্রহণ করা হবে। ফলে বর্তমানে অর্জিত সিঙ্গেল ডিজিট সিস্টেম লস (৯.২২ %) ধরে রাখাসহ ক্রমান্বয়ে সিস্টেম লস আরো কমানো সম্ভব হবে।

## ২০১৮ -১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমুহঃ

০১। ০২ টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ।

০২। তানোর-১ (দেবীপুর ) ১৫ এমভিএ উপকেন্দ্রকে ২০ এমভিএ তে উন্নীত করণ।

০৩। তানোর -১ এবং তানোর-৩ উপকেন্দ্র ২ টি আমনুরা গ্রীড হতে পাওয়ার গ্রহণ ।

০৪। কাটাখালী ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্রের দূর্গাপুর ৩৩ কেভি ফিডার হতে মোহনপুর ৩৩ কেভি ফিডার পৃথকীকরন।

০৫। সিস্টেম লস- ৯.৯০ অর্জন।

০৬। বকেয়া মাস - ১.০৫ অর্জন।

## সেকশন-১ :

রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবংকার্যাবলি

১.১ রূপকল্প (Vision), রাজশাহী পবিস এর আওতাধীন সকল জনগণকে গুনগতমানের বিদ্যুৎ সরবরাহ করা।

১.২ অভিলক্ষ্য (Mission),এপ্রিল /২০১৮ সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠিকে (প্রতিটি ঘরে) বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়া হয়েছে।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১। বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন।

২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদান।

৩। বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠি বৃদ্ধি।

৪। আর্থিক সক্ষমতা অর্জন।

১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১। দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদনের চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা।

২। কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।

৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।

৪। কর্ম পরিবেশ উন্নয়ন।

৫। তথ্য অধিকার ও সপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা।

৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলি (Functions):

০১। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পুরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠিকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।

০২। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিষ্টেম লস হ্রাসকরণ।

০৩। বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগণকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।

০৪। অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।

০৫। পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।

০৬। নতুন গ্রাহক সংযোগ সহজীকরণ।

০৭। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষনাবেক্ষন ও মেরামত করা।

০৮। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পথস্বত্ত্ব মুক্তকরণ।

০৯। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা।

১০। বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।

১১। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সুষ্ঠ কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা।

১২। সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।

১৩। ডিজিটালাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিত করণ।

সেকশন-২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | প্রস্তাবিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target /Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) | প্রক্ষেপণ (Projection) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* এপ্রিল'১৮ পর্যন্ত | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | | 1. System Loss (Grid Meter) [ % ] (w/o resale) | % | ২৬ | ১০.২৩% | ৯.২২% | ৯.৭৫% | | | | | | |
| | | | 2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale) | Month | ১৫ | ১ | ১.২১ | ১.০৫ | | | | | | |
| | | | 3. Collection Bill(CB) Ratio (%) (without GOB rebate & resale) | % | ১ | ১.৮৭% | ৯৭.১৫% | ৯৯.০০% | | | | | | |
| | | | 4. Payment of debt service liability (TK '000) | Tk | ৭ | ৭২,৫০০ | ১৪,৩৪০ | ১০০,০০০ | | | | | | |
| | | | 5. O & M EXP. (EX. PC , Depre. Int. & Pro. Uncoll. AMT.)(TK) / Kwh Sold (w/o | Tk | 8 | ১.২৭ | ১.২১ | ১.৪০ | | | | | | |
| | | | 6. Rev. / KM of Line w/o resale (TK) | Tk | ১ | ২৮০ | ২৩৮.০৮ | ২৭০ | | | | | | |
| | | | 7.Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM) | Km | ১ | ৩১.০০% | ৩৬.০০% | ১০০% | | | | | | |
| | | | 8. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed | No | ১ | ৩.৯৬% | ২.৯৬% | ৪.০০% | | | | | | |
| | | | 9.Percentage of Damaged Transformer repaired | % | ১ | ১০০% | ৮৯.২৭% | ১০০% | | | | | | |
| | | | 10. Store Management Performance: | % | | | | | | | | | | |
| | | | a. Physical Inventory of all Stores under PBS | | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | b. Timely Closeout of Mini & Force Work Order | | ১ | ১০০% | ৯০% | ৯০% | | | | | | |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | 11. Maintenance and Up-gradation of equipment record card (ERC) | % | ২ | ৫০% | ৭৭.৬৫% | ১০০.০০% | | | | | | |
| | | | 12.Improvement of Power Factor | | ১ | ০.৯৬ | ০.৯৬ | ০.৯২ | | | | | | |
| | | | 13. Action on Meter Report | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 14. Average Training hour per Employee (Hours) | Hour | ২ | ১১২ | ১০২.০৯ | ৭৫ | | | | | | |
| | | | 15. Timeliness to attend Consumer's complain | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 16. No. of Public Hearing. | | ২ | | | ৫০ | | | | | | |
| | | | 17. System Average Interruption Duration Index (SAIDI) | Minute | ২ | ১৮৯.২৭৯ | ১৫৯.৫ | ৮০০ | | | | | | |
| | | | 18. System Average Interruption Frequency Index (SAIFI) | Times | ২ | ৩.২২২ | ০.১৩১ | ৫০ | | | | | | |
| | | | 19. % Reduction of overloaded Transformer | % | ১ | ০% | ০% | ০.২০ | | | | | | |
| | | | 20.% of New Connected Consumers | % | ২ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 21.Accounts Payable | | ১ | ১ | ১ | ১ | | | | | | |
| | | | 22.Inter PBS Transaction | | ৪ | | | ৯০% | | | | | | |

# বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯

## (মোট নম্বর- ২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২৪ জুলাই, ২০১৮ | ২৯ জুলাই, ২০১৮ | ৩০ জুলাই, ২০১৮ | ৩১ জুলাই, ২০১৮ | ০১ আগস্ট, ২০১৮ |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জানুয়ারি, ২০১৯ | ১৬ জানুয়ারি, ২০১৯ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত * | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত ** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ০৭ জানুয়ারি, ২০১৯ | ১৪ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি নিশ্চিতকরণ | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৫ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

* জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

*** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

সংযোজনী-১

## শব্দ সংক্ষেপ

## (Acronyms)

| | |
|---|---|
| বিআরইবি | বাংলাদেশ রুরাল ইলেকট্রিফিকেশন বোর্ড |
| বিপিডিবি | বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড |
| APA | Annual Performance Agreement |
| PI | Performance Indicator |
| পবিস/ পিবিএস | পল্লী বিদ্যুৎ সমিতি |
| পিজিসিবি | পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড |
| KVA | কিলোভোল্ট এম্পিয়ার |
| KV | কিলোভোল্ট |
| MW | মেগাওয়াট |
| MVA | মেগাভোল্ট এম্পিয়ার |
| SAIDI | সিষ্টেম এভারেজ ইন্টারাপশন ডিউরেশন ইনডেক্স |
| SAIFI | সিষ্টেম এভারেজ ইন্টারাপশন ফ্রিকোয়েন্সি ইনডেক্স |
| DSL | ডেব্ট সার্ভিস লায়াবিলিটি |
| KM | কিলোমিটার |
| ERC | EquipmentRecord Card |
| NIS | National Integrity Strategy (জাতীয় শুদ্ধাচার কৌশল) |
| ই-সার্ভিস | ইলেক্ট্রনিক সার্ভিস |
| ROW | রাইট-অব-ওয়ে (পথস্বত্ত পরিস্কার) |
| DNP | Disconnection for Nonpayment |
| TMLM | Transformer Maintenance & Load Management |
| SIP | Small Improvement Project |
| E-Filing | Electronic Filing |

সংযোজনী-২

কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ।

| ক্রমিক নং | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অধীদপ্তর/সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারন মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | সিস্টেম লস হ্রাস | বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন, জবাবদিহিতা ও স্বচ্ছতা আনায়নের লক্ষ্যে সমিতিসমূহের সিস্টেম লস হ্রাসকরণ। | বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি | মাসিক আর্থিক ও পরিসংখ্যান প্রতিবেদন (ফর্ম-৫৫০) ও পবিস এর নিরীক্ষা প্রতিবেদন কমপ্লেইন রেজিষ্টার, ট্রেনিং ম্যানুয়াল ও রেজিষ্টার। | |
| ০২ | বকেয়া মাস | বিলিং দক্ষতা বৃদ্ধি, রাজস্ব আদায় ও অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের মাধ্যমে বাপবিবোর বকেয়া হ্রাসকরণ। | বিআরইবি, কৃষি ও ধর্ম মন্ত্রণালয় ও পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ০৩ | নতুন বিদ্যুৎ সংযোগ | বিদ্যুতায়নের মাধ্যমে নতুন সংযোগ প্রদান | বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ০৪ | গড় প্রশিক্ষণ প্রদান | বিদ্যুৎখোতে দক্ষ জনবল প্রতিষ্ঠার লক্ষ্যে পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদান। | বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ০৫ | SAIDI, SAIFI | গ্রাহকের নিকট নিরবিচ্ছিন্ন ও মান সম্মত বিদ্যুৎ সরবরাহ। | পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ০৬ | Consumer Complan | গ্রাহক অভিযোগ প্রতিকার বাস্তবায়ন। | বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ০৭ | Accounts Payable | নির্ধারিত সময়ের মধ্যে বিপিডিবি এ পিজিসিবি'র বিল পরিশোধকরণ। | পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ০৮ | Payment of DSL | যথাসময়ে বাপবিবো'র ঋণের কিস্তি পরিশোধ। | পল্লী বিদ্যুৎ সমিতি | | |

## সংযোজনী-৩

### কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা।

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বিপিডিবি | বিদ্যুৎ ক্রয় | সিস্টেম লস | বিদ্যুৎ সরবরাহ | পিডিবি হতে পবিস বিদ্যুৎ ক্রয় করে। | গ্রাহক প্রান্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা যাবে না। |
| পিজিসিবি | বিদ্যুৎ সরবরাহ | সিস্টেম লস ও উপকেন্দ্রের ক্ষমতাবর্ধন | বিদ্যুৎ সঞ্চালন ও উপকেন্দ্র হতে বে, ব্রেকার সংযোজন। | পিজিসিবি বিদ্যুৎ সঞ্চালন করে থাকে ও উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি করে। | গ্রাহক প্রান্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা যাবে না ও নতুন সাবষ্টেমনে বিদ্যুৎ সংযোগ গ্রহণ করা যাবে না। |
| স্থানীয় প্রশাসন, পুলিশ প্রশাসন, জন প্রতিনিধি, এলাকা পরিচালক | বকেয়া আদায় | সমমাস | সঠিক সময়ে বকেয়া আদায় কার্যক্রমে অংশগ্রহণ | গ্রাহকের নিকট বকেয়া আদায় করা না গেলে পবিসসমূহ আর্থিকভাবে অসচ্ছল হয়ে পড়বে, পিডিবি/ পিজিসিবি'র বিল পূরণে ব্যর্থ হবে। | বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |
| স্থানীয় প্রশাসন, পুলিশ প্রশাসন, জন প্রতিনিধি, এলাকা পরিচালক UIC, ব্যাংক, টেলিটক | বিল কালেকশন | % | সঠিক সময়ে বকেয়া আদায় কার্যক্রমে অংশগ্রহণ | গ্রাহকের নিকট বকেয়া আদায় করা না গেলে পবিসসমূহ আর্থিকভাবে অসচ্ছল হয়ে পড়বে, পিডিবি/ পিজিসিবি'র বিল পূরণে ব্যর্থ হবে। | বিল কালেকশন ও বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবেনা। |
| কৃষি মন্ত্রণালয় | রিবেটের অর্থ পরিশোধ | বকেয়া মাস | রিবেটের অর্থ পরিশোধ | কৃষি মন্ত্রণালয় রিবেটের অর্থ পরিশোধ করে থাকে। | বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |
| ধর্ম মন্ত্রণালয় | রিবেটের অর্থ পরিশোধ | বকেয়া মাস | রিবেটের অর্থ পরিশোধ | ধর্ম মন্ত্রণালয় রিবেটের অর্থ পরিশোধ করে থাকে। | বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |

আমি সভাপতি, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সভাপতি, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষী:

স্বাক্ষরীত

তারিখঃ ১৪/০৬/২০১৮ খ্রিঃ

.................................

জেনারেল ম্যানেজার

জেনারেল ম্যানেজার

রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি

রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি

.................................

(মোহাং নুরুল ইসলাম)

সভাপতি

সভাপতি

রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি

রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি

.................................

মোঃ শহিদুল করিম

পরিচালক

পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর

বাপবিবোর্ড, ঢাকা।

পরিচালক, পবিস মনিটরিংও ব্যবস্থাপনা পরিচালন

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

.................................

সচিব

সচিব, বাপবিবোর্ড,

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড